সংবাদ

তারিখ 15 OCT 1985
পৃষ্ঠা ... 1 ...

031

# পরীক্ষা সংস্কার বিষয়ে প্রশ্নমালা বিতরণ করা হবে

পরীক্ষা সংস্কার কমিটি বর্তমান পরীক্ষা পদ্ধতি সম্পর্কে মতামত যাচাইয়ের জন্যে শিক্ষক, ছাত্র, সমাজনেতা এবং অন্য প্রভাবশালী ব্যক্তিবর্গের মধ্যে প্রশ্নমালা বিতরণ করবেন। কমিটির চেয়ারম্যান অধ্যাপক মোহাম্মদ শামসুল হক গতকাল সোমবার ঢাকায় একথা জানান। খবর বাসস'র।

কমিটির এক বৈঠকের পর অধ্যাপক হক বলেন, আগামী ৩০ দিনের মধ্যে প্রশ্নমালা তৈরীর উদ্দেশ্যে ইতিমধ্যেই একটি উপ-কমিটি গঠন করা হয়েছে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে পরীক্ষা পদ্ধতি সংস্কারের জন্যে সরকার সম্প্রতি ২৪ সদস্যের পরীক্ষা সংস্কার কমিটি গঠন করেন।

পরীক্ষা সংস্কার কমিটির সদস্য-

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## পরীক্ষা সংস্কার

(১ম পাতার পর)

দের মধ্যে রয়েছেন বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব ডঃ এ, এম শরফউদ্দিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডঃ আনিসুজ্জামান, ডঃ মাজহারুল হক ও ডঃ হারুন-অর-রশিদ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ডঃ ইকবাল মাহমুদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ডঃ এফ, আর খান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডঃ মইনুল ইসলাম, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ডঃ এ, রহিম খান, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ডঃ কাজী সালেহ আহমদ, সাবেক অতিরিক্ত শিক্ষা-সচিব জনাব এম, ফেরদৌস খান এবং ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান জনাব আবু মোহাম্মদ (সদস্য-সচিব)।

অধ্যাপক হক জানান, প্রশ্নমালা এমনভাবে তৈরী করা হবে, যাতে সংগৃহীত উপাত্ত কম্পিউটরের মাধ্যমে প্রক্রিয়াজাত করা যেতে পারে। কমিটির সদস্যরা বিভিন্ন দলে বিভক্ত হয়ে দেশের বিভিন্ন অংশ সফর করে প্রতিনিধিত্বশীল গোষ্ঠীগুলোর সাথে সাক্ষাৎও করবেন।

তিনি জানান, প্রশ্নমালার উত্তর পাবার পর কমিটি প্রতিবেশী রাষ্ট্রগুলোতে এবং দক্ষিণ এশিয়া অঞ্চলের বাইরের অন্য কয়েকটি নির্বাচিত দেশে প্রচলিত পরীক্ষা পদ্ধতি সম্পর্কেও তথ্য সংগ্রহ করবেন।

এক প্রশ্নের জবাবে তিনি জানান, কমিটিকে আগামী বছরের ৩১শে মার্চের ভেতর তার সুপারিশ পেশ করতে হবে।

তিনি উল্লেখ করেন, কমিটি শিক্ষা ব্যবস্থা সম্পর্কে ডঃ কুদরত-ই-খুদা কমিশনের সুপারিশ বিবেচনা করে দেখবেন।

কমিটি ১৬ই নভেম্বর আবার বৈঠকে বসবেন।

এদিকে কমিটির বৈঠকে ভাষণ দেয়ার সময় শিক্ষা সচিব কাজী জালালউদ্দিন বর্তমান পরীক্ষা পদ্ধতিতে যে বিরাট অর্থনৈতিক ও সামাজিক অপচয় ঘটে তার ওপর আলোকপাত করেন।

তিনি উল্লেখ করেন, শতকরা প্রায় ৫০ জন এস, এস, সি ও এইচ, এস, সি পরীক্ষার্থী তাদের পরীক্ষায় অকৃতকার্য হচ্ছে। এতে গুরুতর মনস্তাত্ত্বিক প্রতিক্রিয়ার সৃষ্টি হচ্ছে।

তিনি আশা ব্যক্ত করেন যে, কমিটি পরীক্ষা পদ্ধতিতে সংস্কার আনয়নে 'গঠনমূলক ও বাস্তবমুখী' সুপারিশ পেশ করতে সমর্থ হবেন।